

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, নড়াইল সদর, নড়াইল।
<https://doict.narailsadar.narail.gov.bd>

স্মারক নং-৫৬.০৪.৬৫৭৬.০০০.০০০.৯৯.০০০৩.২৬-৩১


তারিখ: ১৫/০৬/২০২৬ খ্রি:

বিষয় : ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদকরণ প্রসঙ্গে।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-০৪.০০.০০০০.০০০.৮২৫.২২.০০১.২৬.২৭, তারিখ: ১৯/০৪/২০২৬ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইতোমধ্যে সমগ্র দেশে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ওয়েব পোর্টাল দ্বিতীয় ভার্সনে (Version 2) আপগ্রেড করা হয়েছে। স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার (ব্যাকএন্ডে প্রবেশের) জন্য সাইট অ্যাডমিনদের <https://backoffice.portal.gov.bd> লিংকটি ব্যবহার করতে হবে এবং ব্যাকএন্ডে লগইন করার জন্য বিদ্যমান/পূর্বের ইমেইল আইডি ব্যবহার করে “Forgot Password” অপশনের মাধ্যমে পাসওয়ার্ড রিসেট করার পর ইমেইল ও নতুন পাসওয়ার্ড দিয়ে লগইন করে পোর্টালের অবস্থা সম্পর্কিত প্রতিবেদন পাওয়া যাবে। পরামর্শ ও প্রশিক্ষণ প্রয়োজন হলে আপনার দপ্তরের একজনকে দায়িত্ব প্রদানপূর্বক সদর উপজেলা আইসিটি কর্মকর্তার (মোবাইল-০১৭২২৪৫৬৪২১) দপ্তরে প্রেরণ করা যেতে পারে। উপজেলার সকল দপ্তর প্রধানকে স্ব স্ব ওয়েব পোর্টালে কর্মকর্তা/কর্মচারীদের তথ্যসহ সকল প্রাসঙ্গিক তথ্য নিয়মিতভাবে বাংলা ও ইংরেজি ভাষায় হালনাগাদ রাখার জন্য অনুরোধ করা হলো।

এমতাবস্থায় আগামী ১৬/০৭/২০২৬ তারিখের মধ্যে ওয়েব পোর্টালে আপনার দপ্তরের সকল তথ্য সন্নিবেশ করে হালনাগাদের প্রতিবেদন নিয়ে স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হল।



(টি. এম. রাহসিন কবির)
উপজেলা নির্বাহী অফিসার
নড়াইল সদর, নড়াইল।
ফোন: ০২৪৭৭৭৭৩০০২

ই-মেইল: unonarail@mopa.gov.bd

.....

.....

নড়াইল সদর, নড়াইল।

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। জেলা প্রশাসক, নড়াইল;
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নড়াইল;
- ৩। জেলা আইসিটি অফিসার, নড়াইল;
- ৪। অফিস নথি।